

উপজেলাপরিষদ ,কটিয়াদী, কিশোরগঞ্জ এর মৎস্য বিভাগীয় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকটিয়াদী ,কিশোরগঞ্জ  
সভারস্থান : সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, কটিয়াদী ,কিশোরগঞ্জ  
সভারতারিখ : ২৮/০২/২০২২ সময়: বিকাল ৩:০০ ঘটিকা

সভায় উপস্থিতির স্বাক্ষর:-

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষর
১	রোকসানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
২	রোজাউল করিম শিকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
৩	ডা. মোহাম্মদ উসমান গনি	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
৪	মুহাম্মদ দেলোয়ার হোসাইন	সিনি. উপজেলা মৎস্য অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত

সভার আলোচ্য সূচী:

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মৎস্যবিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা।
- ৩। বিল নার্সারি স্থাপন
- ৪। বিবিধ।

মৎস্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব রোকসানা, মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলাপরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ মহোদয়ের এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	আলোচ্য সূচী-১ মোতাবেক সভার প্রথমেই কমিটির সদস্যসচিব সিনিয়র উপজেলা মৎস্যকর্মকর্তা, কটিয়াদী কিশোরগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠকরে শুনান।	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্য বিবরণী অনুমোদিত হয়	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
২	আলোচ্য সূচী-২ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, জনবল অপ্রতুল থাকা সত্ত্বেও কোভিড-১৯ মোকাবেলায় উপজেলা মৎস্য বিভাগ নিরলস সেবা দিয়ে যাচ্ছে। বিভাগীয় রুটিন কার্যক্রমের পাশাপাশি এনএটিপি-২ এবং ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	সভায় কার্যক্রম নিয়ে সন্তুষ্টি প্রকাশ করা হয় এবং কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ঐ
৩	আলোচ্য সূচী-৩ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, কটিয়াদী উপজেলায় করগাঁও হাওরে শুল্ক মৌসুমে বিল নার্সারি বাস্তবায়ন করা গেলে হাওরে মাছের উৎপাদন বাড়বে। ১ টি বিল নার্সারি বাস্তবায়নের জন্য গুনতম ৫০০০০ টাকা প্রয়োজন। দাপ্তরিক বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদের আর্থিক বরাদ্দ প্রয়োজন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিষয়টি উপজেলা পরিষদের সভায় উপস্থাপন এবং ২ টি বিল নার্সারি বাস্তবায়নের জন্য ১০০০০০ টাকা বরাদ্দ প্রদানের চাহিদা সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কীয় স্থায়ী কমিটি ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার।
৪	বিবিধ আলোচনায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, প্রজনন মৌসুমে দেশীয় প্রজার মাছ সংরক্ষণের জন্য সচেনতা	বিষয় গুলোর প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগীতা কামনা করা হয়।	উপজেলা মৎস্য বিভাগ ও উপজেলা প্রশাসন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



রোকসানা  
সভাপতি


মৎস্য বিভাগীয় স্ট্যান্ডিং কমিটিও  
মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারকনং: ৩৩.০২.৪৮৪৫.৫০১.১৮.০০১.১৯.১৭(৪)

২৮/০২/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৪। অফিসকপি।

  
মুহাম্মদ দেলোয়ার হোসাইন  
সদস্যসচিব,  
মৎস্য বিভাগীয় স্ট্যান্ডিং কমিটি  
ও  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
কটিয়াদী, কিশোরগঞ্জ।